রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
(সচিবালয় বিভাগ, শিক্ষা শাখা)
erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# নোটিশ

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.৯৬.৫৫০.১৯. তারিখ:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, **রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের প্রারম্ভিক ও নীতিমালা ১৪** অগ্রহায়ণ **১৪২৭**/২৯ নভেম্বর ২০২০ তারিখ রবিবার সকাল **১১**টায় অনুষ্ঠিত **রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম সাধারণ সভায় অনুমোদিত হয়। এ নীতিমালা সাধারণ সভায় অনুমোদনের তারিখ হতে কার্যকর এবং মুদ্রিত হয়েছে। রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের সকল কেন্দ্রে নীতিমালাটির নিয়ম প্রযোজ্য ও কেন্দ্রগুলোয় প্রদান করা হয়েছে। বিষয়টি সদয় অবগতি করা হলো।**

**সংযুক্তি:**

**১. রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের প্রারম্ভিক ও নীতিমালা- ১ কপি।**

(মোঃ মশিউর রহমান)
সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.৯৬.৫৫০.১৯. তারিখ:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. জনাব/জনাবা...................................................................................................................................
কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং........, রাজশাহী সিটি কর্পোরেশন।
২. প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।
৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৪. প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৫. প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৬. বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৭. শাখা প্রধান/বিভাগীয় প্রধান ............................................................................ রাজশাহী সিটি কর্পোরেশন।
৮. মাননীয় মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের অবগতির জন্য)।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার অবগতির জন্য)।
১০. শিক্ষিকা, রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়, ......... নং ওয়ার্ড কেন্দ্র, রাজশাহী সিটি কর্পোরেশন।
১১. অফিস নথি।

(মোঃ মশিউর রহমান)
সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী সিটি কর্পোরেশন
web:erajashahi.portal.gov.bd

# রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের প্রারম্ভিক ও নীতিমালা
# (Fundamental & Policies of Rajshahi City Pre Primary School)

**রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের প্রারম্ভিক ও নীতিমালা** ২৬ কার্তিক ১৪২৭ /১১ নভেম্বর ২০২০ তারিখ বুধবার সকাল ১১.০০ টায় **অনুষ্ঠিত রাজশাহী সিটি কর্পোরেশনের** শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির (শিক্ষা সংক্রান্ত) দ্বাদশ সভার সুপারিশে ১৪ অগ্রহায়ণ ১৪২৭/২৯ নভেম্বর ২০২০ তারিখ রবিবার সকাল ১১টায় **অনুষ্ঠিত রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম সাধারণ সভায় অনুমোদিত হয়। নীতিমালাটি সাধারণ সভায় অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।**

## প্রারম্ভিক
## (Fundamental)

রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয় রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব উপানুষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠান। এর ইংরেজি নাম (Rajshahi City Pre Primary School - RCPPS). শিশু বিকাশ শ্রেণি (Child Promotion Class - CPC) ও প্রাক প্রাথমিক শ্রেণি (Pre Primary Class - PPC) নামে এ বিদ্যালয়ের দুটি শ্রেণি বিদ্যমান।

এ শিক্ষা কার্যক্রমের মূল উদ্দেশ্য বয়স অনুযায়ী শিশুদের পরিপূর্ণ শারীরিক ও মানসিক বিকাশ সাধনের মাধ্যমে বিদ্যালয়মুখীকরণের প্রচেষ্টা। দরিদ্র ও হতদরিদ্র পরিবারের শিশুদের একাডেমিক শিক্ষায় অন্তর্ভুক্তকরণ এ কার্যক্রমের মূল লক্ষ্য। তবে স্বচ্ছল পরিবারের শিশুরাও এ বিদ্যালয়ে পড়ার সুযোগ পেয়ে আসছে।

রাজশাহী মহানগরীতে ১৯৯৪ সালে 'বস্তি উন্নয়ন প্রকল্প' এর মাধ্যমে রাজশাহী সিটি কর্পোরেশন সর্ব প্রথম এ উপানুষ্ঠানিক কার্যক্রম চালু করেছিল। মহানগরীর ১৬ নং ওয়ার্ডে ১টি, ১৯ নং ওয়ার্ডে ১টি ও ২৪ নং ওয়ার্ডে ২টি মোট ৪টি কেন্দ্র নিয়ে এর যাত্রা শুরু হয়। সূচনায় এর শ্রেণি বিভক্তি ছিল না। প্রতিটি কেন্দ্রে একজন শিক্ষিকা মাত্র এক শিফটে উপানুষ্ঠানিক শিক্ষা নামে বিভিন্ন বয়সের শিশুদের শিক্ষা প্রদান করতেন। তাঁদের বর্ণমালা, সংখ্যা ইত্যাদিসহ শিশু শ্রেণির মতো পাঠ দান করা হতো। কেন্দ্রগুলোর শিক্ষার্থী সংখ্যা নির্ধারিত ছিল ৩০ জন। স্থান ভেদে কেন্দ্র ৪টির শিক্ষার্থীর তারতম্য ছিল। এ প্রকল্পের মেয়াদ ১৯৯৭ সালে শেষ হয়ে যাওয়ায় ১৯৯৭ সালেই আরবান বেসিক ডেলিভারি প্রকল্প নামে নতুন প্রকল্প শুরু হয়। শিক্ষা কার্যক্রমসহ বিলুপ্ত বস্তি উন্নয়ন প্রকল্পের অন্যান্য কর্মসূচি নতুন প্রকল্পের আওতায় চলে আসে। এ প্রকল্প অব্যাহত ছিল ২০০২ সাল পর্যন্ত। ২০০২ সালে শুরু হয় স্থানীয় অংশীদারিত্বের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ প্রকল্প এবং দুই মেয়াদে বাস্তবায়ন হয় ২০১০ সাল পর্যন্ত। ২০১০ সাল থেকে শিক্ষা কার্যক্রম অন্তর্ভুক্ত ছিল ইএলসিডি (ELCD- Early Learning for Child Development) প্রকল্পে। ইএলসিডি প্রকল্পে অন্তর্ভুক্ত থাকাকালেই এ শিক্ষা কার্যক্রম পরিচালনা ব্যয়ে রাজশাহী সিটি কর্পোরেশনের অংশগ্রহণ শুরু হয় এবং ২০১৪ সালে ইএলসিডি প্রকল্প শেষ হওয়ার পর সার্বিকভাবে রাজশাহী সিটি কর্পোরেশন নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় কার্যক্রম অব্যাহত রেখেছে। বর্তমান মহানগরীর ২, ৩, ৪, ৬, ৭, ৯, ১১, ১২, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২১, ২৩, ২৪, ২৫, ২৮, ২৯ ও ৩০ নং ওয়ার্ডে মোট ২০ টি কেন্দ্রে এ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ১৯ নং ওয়ার্ড ব্যতীত প্রতিটি কেন্দ্রে শিশু বিকাশ শ্রেণি ও প্রাক প্রাথমিক শ্রেণি আছে। ১৯ নং ওয়ার্ডে শুধু শিশু বিকাশ শ্রেণি চালু রাখা হয়েছে। ১৯ নং ওয়ার্ডে ১ জন ও অন্যান্য প্রতিটি ওয়ার্ডে ২ জন করে মোট ৩৯ জন শিক্ষিকা পাঠ দান করে থাকেন।

প্রকল্পকালীন ও পরবর্তীতেও এ বিদ্যালয়ের নাম ছিল এসবিকে অ্যান্ড প্রি স্কুল। যার পূর্ণাঙ্গ শব্দ ছিল শিশু বিকাশ কেন্দ্র ও প্রাক বিদ্যালয়। অসাঞ্জস্য মনে হওয়ার কারণে রাজশাহী সিটি কর্পোরেশন ২০১৭ সালের ২৫ এপ্রিল এক আদেশে নামটি পরিবর্তন করে 'রাজশাহী সিটি প্রাক প্রাথমিক কেন্দ্র' রাখে। ২০১৯ সালের ১৮ সেপ্টেম্বর ৫ম সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে ২০২০ সালের ১ জানুয়ারি থেকে আবারো নামটিতে পরিবর্তন এনে রাখা হয়েছে 'রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়'। এর ওয়ার্ডভিত্তিক আয়োজন হচ্ছে কেন্দ্র। যেমন রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়, ২নং ওয়ার্ড কেন্দ্র।

# নীতিমালা
# (Policies)

বাংলাদেশের বর্তমান স্বাধীন ভূখণ্ডে রাজশাহী মহানগরীতে ১৮২৮ সালে সর্ব প্রথম আধুনিক পদ্ধতির শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন হয়। বাংলা ভাষায় বিজ্ঞানভিত্তিক ইতিহাস রচনার উৎসমুখও রাজশাহী মহানগরী। স্থায়ীভাবে বরেন্দ্র রিসার্চ মিউজিয়াম স্থাপনের মাধ্যমে এ মহানগরী বাঙালি জাতির ইতিহাস সংরক্ষণ ও গবেষণায় উপমহাদেশে দৃষ্টান্ত স্থাপনে সক্ষম হয়। কালের ধারায় যথাযথ উদ্যোগ গ্রহণ ও শ্রমের প্রচেষ্টায় রাজশাহী শিক্ষানগরী নামে খ্যাতি অর্জন করে। বর্তমানও এ নগরীর প্রধান বৈশিষ্ট্য শিক্ষা। তবে নানান কারণে রাজশাহী আর্থ-সামাজিক সমৃদ্ধির অবস্থান থেকে অনেকটাই পিছিয়ে পড়েছে। এ প্রেক্ষাপটে নগরীর শতভাগ মানুষের একাডেমিক শিক্ষা সুনিশ্চিতকরণের লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশনের শিক্ষা কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণ আবশ্যক। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এ আবশ্যকতার ইঙ্গিত দেয়া হয়েছে। এ আইনের তৃতীয় তফসিলের ২৬.৫ ধারায় উল্লেখ আছে, আপাততঃ বলবৎ অন্য কোনো আইন সাপেক্ষে, কর্পোরেশন নগরীতে বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তনের জন্য দায়ী থাকিবে এবং নগরীতে স্কুলে যাওয়ার বয়সী সকল ছেলেমেয়ে যাহাতে কর্পোরেশনের স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়ে লেখাপড়া করে তাহা নিশ্চিত করিবার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

মহানগরীতে যথেষ্ট পরিমাণ আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠান থাকা সত্ত্বেও যথাযথ অনুসন্ধান প্রক্রিয়া ও সুষ্ঠু ব্যবস্থাপনা না থাকার কারণে কায়িক শ্রমজীবী পরিবার ও বসতি এলাকার শিশুদের বড় একটা অংশ শিক্ষা অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। এ ছাড়া মহানগরীর সম্প্রসারিত এলাকার জনসংখ্যার তুলনায় পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। এ অবস্থায় রাজশাহী সিটি কর্পোরেশন প্রণীত আইনের সঙ্গে সঙ্গতি রেখে প্রাক প্রাথমিক, প্রাথমিক ও অন্যান্য উচ্চতর শিক্ষা ব্যবস্থা চালু রাখতে পারে।

রাজশাহী সিটি কর্পোরেশন বর্তমান যে প্রাক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বিদ্যমান আছে তার নিয়মাবলী হবে নিম্নরূপ:

১. **লক্ষ্য (Aims) :** প্রাক প্রাথমিক শিক্ষা ব্যবস্থার লক্ষ্য হবে মহানগরীর শতভাগ শিশুকে বিদ্যালয়মুখীকরণ।

২. **নামকরণ (Name) :** এ স্কুলের নাম হবে 'রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়'। ইংরেজি হবে `Rsjshahi City Pre-Primary School'. সংক্ষেপে RCPPS (আরসিপিপিএস)। তবে যুগোপযোগিতার প্রয়োজনে রাজশাহী সিটি কর্পোরেশন এ নামের পরিবর্তন ঘটাতে পারে।

৩. **মনোগ্রাম (Type of Monogram) :** রাজশাহী সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত মনোগ্রাম রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের জন্য ব্যবহৃত হবে।

৪. **স্বত্বাধিকারী (Proprietor) :** রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয় রাজশাহী সিটি কর্পোরেশনের অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হবে এবং তার সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি রাজশাহী সিটি কর্পোরেশনের বলে বিবেচিত হবে।

৫. **জনবল (Man Power) :** শিক্ষক ও সংশ্লিষ্ট জনবল রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগপ্রাপ্ত হবেন। তবে তাঁরা ছুটি ও অন্যান্য সুবিধা সরকারি একাডেমিক প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী ভোগ করবেন। তাঁরা অস্থায়ী ভিত্তিক নিয়োগ প্রাপ্ত হলে সিটি কর্পোরেশন নির্ধারিত বেতন পাবেন এবং বেতন প্রাপ্তি সাপেক্ষে ছুটি ভোগ করবে।

৬. **ব্যবস্থাপনা কমিটি (Management committee) :** রাজশাহী সিটি কর্পোরেশন প্রয়োজনে প্রতিটি বিদ্যালয় বা কেন্দ্রের জন্য একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করতে পারে। এর মোট সদস্য সংখ্যা হবে ৭ জন।

৬.১. **নির্বাচন (Election) :** ৭ জন সদস্যের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় তাঁদের মধ্যে থেকে ৩ জন বিদ্যোৎসাহী অভিভাবককে সদস্য নির্বাচিত করবেন। এ ৩ জন সদস্যের মধ্যে অন্তত ১ জন মহিলা থাকবেন। সংশ্লিষ্ট ওয়ার্ডে অবস্থিত কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ জন শিক্ষক (পুরুষ/মহিলা) সদস্য হবেন। সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর তাঁকে মনোনীত করবেন। রাজশাহী সিটি কর্পোরেশনের শিক্ষা কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে বিদ্যালয় বা কেন্দ্রের ১ জন শিক্ষিকা সদস্য হবেন। তিনি কমিটির সচিবেরও দায়িত্ব পালন করবেন। এছাড়া সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর ও সংশ্লিষ্ট সংরক্ষিত আসনের কাউন্সিলর পদাধিকার বলে কমিটির সদস্য হবেন। কমিটির সদস্যগণ আলোচনা সাপেক্ষে বা নির্বাচনের মাধ্যমে অভিভাবক সদস্যদের মধ্যে থেকে একজন সভাপতি মনোনীত বা নির্বাচন করবেন। নির্বাচনের প্রয়োজন হলে রাজশাহী সিটি কর্পোরেশনের সচিব নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করবেন।

৬.২ **মেয়াদ (Session) :** বিদ্যালয়ের শ্রেণি সংখ্যা এক হলে এ কমিটির মেয়াদ হবে এক শিক্ষাবর্ষ। আর শ্রেণি সংখ্যা একাধিক হলে মেয়াদ হবে দুই শিক্ষাবর্ষ। অর্থাৎ এক শিক্ষাবর্ষের ক্ষেত্রে ১ জানুয়ারি থেকে পরবর্তী ৩১ ডিসেম্বর। দুই শিক্ষাবর্ষের ক্ষেত্রে ১ জানুয়ারি থেকে পরের বছরের ৩১ ডিসেম্বর। জানুয়ারি মাসের প্রথম তারিখ বা যত শীঘ্র সম্ভব নির্বাচন অুষ্ঠিত হবে। ১ জানুয়ারি নতুন কমিটি গঠন না হলেও পূর্বে গঠিত কমিটির মেয়াদ ৩১ ডিসেম্বর শেষ হয়ে যাবে। এক শিক্ষাবর্ষের ক্ষেত্রে যে তারিখে নতুন কমিটি গঠন হবে সে তারিখ থেকে পরবর্তী ৩১ ডিসেম্বর এবং দুই শিক্ষাবর্ষের ক্ষেত্রে তার পরবর্তী ডিসেম্বর পর্যন্ত কার্যকর

থাকবে। কোন কারণে কমিটি কার্যকর না থাকলে বা নির্বাচন অনুষ্ঠান না হলে রাজশাহী সিটি কর্পোরেশনের শিক্ষা কর্মকর্তা সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর, শিক্ষিকা এবং প্রয়োজনে অভিভাবক সভার সম্মতি নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। প্রয়োজনে অনধিক ৫ সদস্যের আহবায়ক কমিটি গঠিত হতে পারে। শিক্ষিকাদের সঙ্গে পরামর্শক্রমে সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর অভিভাবকদের মধ্যে থেকে প্রয়োজনীয় সংখ্যক সদস্য নিয়ে আহবায়ক নির্বাচন করবেন। সর্বোচ্চ ২ জন অভিভাবক, সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর, সংরক্ষিত আসনের কাউন্সিলর, একজন শিক্ষিকা আহবায়ক কমিটির সদস্য হিসেবে বিবেচিত হবেন। কমিটির অভিভাবক সদস্য আহবায়ক ও সদস্য শিক্ষিকা সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

৬.৩. **কার্যক্রম (Activities) :** কমিটির বেশির ভাগ সদস্যের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হবে এবং উপস্থিত সদস্যের সংখ্যা গরিষ্ঠের ঐক্যমতে সিদ্ধান্ত গৃহীত হবে। অভিভাবক সভা, বিদ্যালয় বা কেন্দ্রের উন্নয়নের বিষয়ে এ কমিটির সুপারিশ কর্পোরেশন বিবেচনা করবে।

৬.৪. **পদত্যাগ, পদ শূন্যতা ও অপসারণ (Resignation, Vacancy, Removal) :** সদস্যগণ রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়রের নিকট অব্যাহতি পত্র জমাদানের মাধ্যমে কমিটি থেকে পদত্যাগ করতে পারবেন। কাউন্সিলরগণ রাজশাহী সিটি কর্পোরেশনের কাউন্সিলর না থাকলে কমিটিরও সদস্য থাকবেন না।

৬.৫. **শূন্য পদ পূরণ (Fill up) :** কোনো কারণে কোনো সদস্যের পদ শূন্য হলে পরবর্তী সভায় নির্ধারিত প্রক্রিয়ায় শূন্য পদ পূরণ হবে।

৭. **বাজেট (Budget):** রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের জন্য নিয়োগকৃত শিক্ষক, কর্মচারীদের বেতন-ভাতা ও সার্বিক একাডেমিক কার্যক্রমের জন্য আয়-ব্যয়ের অর্থ বাজেট রাজশাহী সিটি কর্পোরেশন নিজস্ব রাজস্ব খাত থেকে নির্ধারণ করবে। তবে সরকারি-বেসরকারি অনুদান গ্রহণ করতে পারবে কর্পোরেশন।

৮. **ফি নির্ধারণ (Fee Assessment):** শিক্ষার্থীদের ভর্তি ফি, সেসন চার্জ, মাসিক টিউশন ফি, পরীক্ষার ফি, প্রত্যয়ন পত্র ফি ইত্যাদি রাজশাহী সিটি কর্পোরেশনের পূর্ব সিদ্ধান্ত মোতাবেক নির্ধারণ করা যাবে।

৯. **ছুটি (Holiday):** সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয় খোলা ও বন্ধ থাকবে।

১০. **সংশোধন (Amendment):** রাজশাহী সিটি কর্পোরেশন প্রয়োজনে এ নীতিমালা সংশোধন করতে পারবে।

১১. **শ্রেণি ও পাঠ্যসূচি (Class & Curriculum):** প্রতিটা বিদ্যালয় বা কেন্দ্রের শ্রেণি সংখ্যা ও তার পাঠ্যসূচি দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থার সঙ্গে সঙ্গতি রেখে রাজশাহী সিটি কর্পোরেশন নির্ধারণ করবে। পাঠ্যসূচি, পাঠ পরিকল্পনা, পরীক্ষা গ্রহণ ইত্যাদি বিষয়ে প্রয়োজনে একাডেমিক কমিটি গঠন করা যাবে। রাজশাহী সিটি কর্পোরেশনের শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় সংখ্যক সদস্য নিয়ে একাডেমিক কমিটি গঠন করতে পারবেন। শিক্ষা কর্মকর্তাসহ সর্বোচ্চ ৫ জন এ কমিটির সদস্য হবেন। শিক্ষা কর্মকর্তা কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন। তিনি নোটিশ অথবা মৌখিকভাবে কমিটির সভা আহবান করবেন। গঠিত কমিটি রাজশাহী সিটি কর্পোরেশনের কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলেই কার্যকর হবে। প্রতি বছরই নতুন একাডেমিক কমিটি গঠিত অথবা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নবায়ন করতে হবে। সভায় উপস্থিত একাডেমিক কমিটির সদস্যগণ যাতায়াত ভাড়াস্বরূপ প্রতি কার্যদিনের জন্য ২০০ (দুই শত) টাকা সম্মানী পাবেন। শিক্ষা কর্মকর্তা তাঁদের আপ্যায়নের ব্যবস্থা করতে পারবেন। তবে তা প্রতি কার্যদিনের জন্য ২০০ (দুই শত) টাকার বেশি হবে না। রাজশাহী সিটি কর্পোরেশন উল্লিখিত সকল ব্যয় বহন করবে।

১২. **শিক্ষার্থী (Students):** ছেলে-মেয়ে উভয়ই এ বিদ্যালয় বা কেন্দ্রে শিক্ষা গ্রহণের সুযোগ পাবে। শ্রেণি অনুযায়ী তাদের বয়স ও সুযোগ-সুবিধা রাজশাহী সিটি কর্পোরেশন নির্ধারণ করবে।

রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
(শিক্ষা শাখা, সচিবালয় বিভাগ)
web:erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.৯৬.৫৫০.১৯. তারিখ:

# শিক্ষিকাদের সঙ্গে মত বিনিময় ও শিক্ষা সামগ্রী বিতরণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সময়, তারিখ ও বার | : | সকাল ১১.০০ টা, ২ জানুয়ারি ২০২২, রবিবার। |
| স্থান | : | সরিৎ দত্ত গুপ্ত নগরসভা কক্ষ, নগর ভবন, রাজশাহী সিটি কর্পোরেশন। |
| সভাপতি | : | ড. এবিএম শরীফ উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। |

মোবাইল ফোনে যোগাযোগ করে মৌখিক নোটিশের মাধ্যমে উল্লিখিত তারিখ ও স্থানে রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকাদের সাথে মত বিনিময় ও শিক্ষা সামগ্রী বিতরণ সভা অনুষ্ঠিত হয়। রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব ড. এবিএম শরীফ উদ্দিন উক্ত সভায় সভাপতিত্ব করেন। রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের ২০টি ওয়ার্ড কেন্দ্রের ৩৭ জন শিক্ষিকা ও শিক্ষা শাখার সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সন্তানের অসুস্থতার কারণে ২ ও ৪ নং ওয়ার্ড কেন্দ্রের শিক্ষিকা যথাক্রমে মোসাঃ শিউলি খাতুন ও মোসাঃ রাখি আক্তার এবং নিজে অসুস্থতার কারণে ১৬নং ওয়ার্ড কেন্দ্রের শিক্ষিকা মোসাঃ শামীম আরা খাতুন সংশ্লিষ্ট কার্যালয়কে অবহিতপূর্বক সভায় উপস্থিত হতে পারেননি।

সভাপতির পরামর্শক্রমে শিক্ষা কর্মকর্তা (দৈ.ম.) মোঃ আনারুল হক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

আলোচ্য সূচি: ১. পরিচিতি।
আলোচনা : সভায় উপস্থিত সদস্যগণ নিজ পরিচয় উপস্থাপন করেন।

**আলোচ্য সূচি : ২.** একাডেমিক কার্যক্রম।
**আলোচনা :** সভাপতি ড. এবিএম শরীফ উদ্দিন রাজশাহী সিটি কর্পোরেশনের রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের গুরুত্ব সম্পর্কে মত প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন, শিশুদের জন্য সরকারি ও বেসরকারি অনেক শিক্ষা প্রতিষ্ঠান থাকা সত্ত্বেও নানান কারণে অনেক শিশুই একাডেমির আওতার বাইরে থেকে যায়। এসব শিশুকে শিক্ষার আওতায় নিয়ে আসার উদ্দেশ্যেই রাজশাহী সিটি কর্পোরেশন নিজস্ব অর্থায়নে রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম অব্যাহত রেখেছে। তিনি শিক্ষিকাদের শিশুদের প্রতি আন্তরিক থেকে প্রণীত নীতিমালা অনুসারে প্রতিষ্ঠান পরিচালনা ও পাঠদানের পরামর্শ দেন। এ কার্যক্রম আরো উন্নয়নে তাঁর প্রচেষ্টা অব্যাহত থাকবে বলেও মত ব্যক্ত করেন।
রাজশাহী সিটি কর্পোরেশনের সচিব জনাব মোঃ মশিউর রহমান মত ব্যক্ত করেন যে, রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম উন্নয়নের জন্যই রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ নীতিমালা প্রণয়ন, অফিসিয়াল উপকরণের ব্যবস্থা ও অন্যান্য সমস্যা সমাধানের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। বিদ্যমান সমস্যাসমূহ সমাধানের বিষয়ে আন্তরিক থাকবেন মর্মে তিনি মত প্রকাশ করেন।
২, ৩, ৭, ১২, ২৮ ও ২৯ নং ওয়ার্ড কেন্দ্রের শিক্ষিকা যথাক্রমে রেহেনা পারভীন, মোছাঃ মাইদা বেগম, মোসাঃ শাকিলা রহমান, সুমতি বিশ্বাস, বাসন্তী রানী সিংহ ও মোসাঃ মনিরা খাতুন কেন্দ্রগুলোর প্রতি আন্তরিক হওয়ায় কর্তৃপক্ষের উদ্দেশ্যে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা বিভিন্ন সমস্যাও উপস্থাপন করেন। শিক্ষিকাদের প্রতি মাসের পারিশ্রমিক ও কেন্দ্রের বাড়ি ভাড়া প্রদানে কালক্ষেপণ, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য স্যানিটাইজার-মাস্ক, শিশু বিকাশ শ্রেণির জন্য বই-খাতা, জগ-গ্লাস, মাদুর, খেলনা, ২৮ ও ২৯ নং ওয়ার্ড কেন্দ্রসহ অন্যান্য কেন্দ্রের ভাঙ্গা-চোরা অবকাঠামো মেরামতের প্রয়োজনীয়তার বিষয়ে তাঁরা মত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: ১.** কর্তৃপক্ষের সম্মতিক্রমে নিয়মিতভাবে শিক্ষিকাদের প্রতি মাসের পারিশ্রমিক ও কেন্দ্রের বাড়ি ভাড়া পরিশোধ, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য স্যানিটাইজার-মাস্ক, শিশু বিকাশ শ্রেণির জন্য বই-খাতা, জগ-গ্লাস, মাদুর, খেলনা, ২৮ ও ২৯ নং ওয়ার্ড কেন্দ্রসহ অন্যান্য কেন্দ্রের ভাঙ্গা-চোরা অবকাঠামো মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

**আলোচ্য সূচি:** ৩. অফিসিয়াল উপকরণ বিতরণ।
**সিদ্ধান্ত :** ২. সভার শেষ পর্যায়ে সভাপতি ২০টি কেন্দ্রের শিক্ষিকাকে নিম্নরূপ **শিক্ষা সামগ্রী প্রদান করেন।**

| ক্রমিক | শিক্ষা সামগ্রী | সংখ্যা |
|---|---|---|
| ১. | শিক্ষক-শিক্ষিকা উপস্থিত রেজিস্টার | ১ |
| ২. | ছাত্র-ছাত্রী উপস্থিত রেজিস্টার | ২ |
| ৩. | পরিদর্শন রেজিস্টার | ১ |
| ৪. | অভিভাবক সভার রেজিস্টার | ১ |
| ৫. | নথি-রেজিস্টার ইত্যাদি নিবন্ধন রেজিস্টার | ১ |
| ৬. | ছাত্র-ছাত্রী ভর্তি রেজিস্টার | ২ |
| ৭. | বই-খাতা বিতরণ রেজিস্টার | ১ |
| ৮. | আদান-প্রদান রেজিস্টার | ১ |
| ৯. | আয়-ব্যয় রেজিস্টার | ১ |
| ১০. | স্টক রেজিস্টার | ১ |
| ১১. | ছাত্র-ছাত্রীর পরীক্ষার ফলাফল রেজিস্টার | ২ |
| ১২. | ভর্তি আবেদন পত্র | ১ সেট (৫০ কপি) |
| ১৩. | পরীক্ষার ফলাফল | ১ সেট (২৫ কপি) |
| ১৪. | প্রত্যয়ন পত্র | ১ সেট (১০ কপি) |
| ১৫. | মৌলিক নীতিমালা | ১ |
| ১৬. | নথি | ২ |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সবার কল্যাণ কামনার মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. এবিএম শরীফ উদ্দিন)
সভাপতি
ও
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.৯৬.৫৫০.১৯. তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১২. জনাব/জনাবা.................................................................................................................................
কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং.........., রাজশাহী সিটি কর্পোরেশন।
১৩. প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।
১৪. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
১৫. প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
১৬. প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
১৭. বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
১৮. শাখা প্রধান/বিভাগীয় প্রধান ......................................................................... রাজশাহী সিটি কর্পোরেশন।
১৯. মাননীয় মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের অবগতির জন্য)।
২০. প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার অবগতির জন্য)।
২১. সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (সচিবের অবগতির জন্য)।
২২. শিক্ষিকা, রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়, ......... নং ওয়ার্ড কেন্দ্র, রাজশাহী সিটি কর্পোরেশন।
২৩. অফিস নথি।

(মোঃ মশিউর রহমান)
সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

(সচিবালয় বিভাগ, শিক্ষা শাখা)

erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## রাজশাহী সিটি প্রাক প্রাথমিক বিদ্যালয়
## Rajshahi City Pre Primary School
## ২০২২ খ্রিষ্টাব্দ (১৪২৮-১৪২৯ বঙ্গাব্দ) এর ছুটির তালিকা

| ক্র.নং. | পর্বের নাম | তারিখ | বার | দিনের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ৫ ফেব্রুয়ারি | শনি | ০১ |
| ২. | *মাঘী পূর্ণিমা | ১৬ ফেব্রুয়ারি | বুধ | ০১ |
| ৩. | **শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি | সোম | ০১ |
| ৪. | *শব-ই-মিরাজ/শ্রী শ্রী শিবরাত্রী ব্রত | ১ মার্চ | মঙ্গল | ০১ |
| ৫. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ | বৃহস্পতি | ০১ |
| ৬. | শুভ দোল যাত্রা | ১৮ মার্চ | শুক্র | ০০ |
| ৭. | *শব-ই-বরাত | ১৯ মার্চ | শনি | ০১ |
| ৮. | **স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ | শনি | ০১ |
| ৯. | শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভাব | ৩০ মার্চ | বুধ | ০১ |
| ১০. | চৈত্র সংক্রান্তি, বাংলা নববর্ষ, ইস্টার সানডে, *পবিত্র রমজান, মে দিবস, *শব-ই-কদর, জুমাতুলবিদা, *ঈদ-উল-ফিতর | ১ এপ্রিল - ১১ মে | শুক্র-বুধ | ৩৫ |
| ১১. | *বুদ্ধপূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) ও গ্রীষ্মকালীন অবকাশ | ১৫ মে - ২৩ মে | রবি-সোম | ০৮ |
| ১২. | *পবিত্র ঈদ-উল-আযহা ও *আষাঢ়ী পূর্ণিমা | ৬ জুলাই-১৬ জুলাই | বুধ- শনি | ০৯ |
| ১৩. | *হিজরি নববর্ষ | ৩১ জুলাই | রবি | ০১ |
| ১৪. | *পবিত্র আশুরা (মহররম) | ৯ আগস্ট | মঙ্গল | ০১ |
| ১৫. | **জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট | সোম | ০১ |
| ১৬. | শুভ জন্মাষ্টমী | ১৮ আগস্ট | বৃহস্পতি | ০১ |
| ১৭. | মধুপূর্ণিমা (ভাদ্র পূর্ণিমা) | ৯ সেপ্টেম্বর | শুক্র | ০০ |
| ১৮. | *আখেরি চাহার সোম্বা | ২১ সেপ্টেম্বর | বুধ | ০১ |
| ১৯. | শুভ মহালয়া | ২৫ সেপ্টেম্বর | রবি | ০১ |
| ২০. | শ্রী শ্রী দুর্গাপূজা (বিজয় দশমী), *ঈদ-ই-মিল্লাদুন্নবি (সাঃ), শ্রী শ্রী লক্ষ্মীপূজা ও প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা) | ১ অক্টোবর - ৯ অক্টোবর | শনি-রবি | ০৮ |
| ২১. | শ্রী শ্রী শ্যামাপূজা | ২৪ অক্টোবর | সোম | ০১ |
| ২২. | *ফাতেহা-ই-ইয়াজদাহম | ৭ নভেম্বর | সোম | ০১ |
| ২৩. | ** বিজয় দিবস | ১৬ ডিসেম্বর | শুক্র | ০০ |
| ২৪. | যিশু খ্রিষ্টের জন্মদিন (বড়দিন) ও শীতকালীন অবকাশ | ২২ ডিসেম্বর- ২৮ ডিসেম্বর | বৃহস্পতি-বুধ | ৬ |
| ২৫. | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | - | - | ০৩ |
| | সর্বমোট ছুটির পরিমাণ (শুক্রবার ব্যতীত): | | | ৮৫ |

অপর পৃষ্ঠা

- * চিহ্নিত ছুটি চাঁদ দেখার ওপর নির্ভরশীল।
- ** চিহ্নিত জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় স্ব স্ব কেন্দ্র পর্যায়ে পালন করতে হবে।
- প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি রাজশাহী সিটি কর্পোরেশনের শিক্ষা কর্মকর্তার অনুমোদনক্রমে ভোগ করতে হবে।
- কেন্দ্রের কার্যক্রম ও পাঠদানের সময় সূচি: নভেম্বর হতে ফেব্রুয়ারি সকাল ৯.০০টা থেকে দুপুর ১.০০টা এবং মার্চ হতে অক্টোবর সকাল ৮.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত। তবে প্রয়োজনে শিক্ষা কর্মকর্তার অনুমোদনক্রমে পরিবর্তন করা যাবে।
- প্রতি কর্ম দিবসে নির্ধারিত সময় সূচির অন্তত ১৫ মিনিট পূর্বে ও ১৫ মিনিট পরে কেন্দ্র খোলা ও বন্ধ করতে হবে।
- শিক্ষাবর্ষ ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সব দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে দিনগুলো সেভাবে ছুটি পালিত হবে।
- কারো পরিদর্শন উপলক্ষে কেন্দ্র ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

**পরীক্ষার সময়সূচি- ২০২১**

| পরীক্ষার নাম | তারিখ |
|---|---|
| অর্ধ-বার্ষিক | জুলাই মাসের প্রথম সপ্তাহ |
| বার্ষিক পরীক্ষা | ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ |

- পরীক্ষার প্রশ্নপত্র শিক্ষা কর্মকর্তার সঙ্গে আলোচনা সাপেক্ষে গঠিত একাডেমিক কমিটি বা শিক্ষিকাগণই প্রণয়ন করবেন। বাইরে থেকে প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।
- পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরিবর্তন করতে হলে শিক্ষা কর্মকর্তার অনুমতি নিতে হবে।
- প্রতি মাসের শেষ অথবা শিক্ষা কর্মকর্তা কর্তৃক নির্ধারিত দিনে শিক্ষিকাগণ তাঁদের হাজিরা, বাড়ি ভাড়া পরিশোধের আবেদন, একাডেমিক প্রতিবেদন, অভিবাবক সভার তথ্য ইত্যাদি শিক্ষা কর্মকর্তার নিকট প্রদান ও একাডেমিক মত বিনিময় সভায় অংশগ্রহণ করবেন।
- একাডেমিক মানোন্নয়নের উদ্দেশ্যে শিক্ষা কর্মকর্তা শিক্ষিকাগণের সহয়তায় প্রশিক্ষণ, সিলেবাস ও রুটিন প্রণয়ন ইত্যাদি কর্ম সম্পাদন করবেন। এ সকল কার্যক্রমের জন্য শিক্ষা কর্মকর্তা নীতিমালা অনুযায়ী শিক্ষিকাগণের সমন্বয়ে একাডেমিক কমিটি গঠন করবেন।

সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন
ফোন: ০১৭২১-৭৭৫৫০৫